



## ইরানের হামলার শঙ্কায় কুয়েতের আকাশসীমা বন্ধ



ছবি: সংগৃহীত

মার্কিন সামরিক ঘাঁটিতে ইরানের হামলার পর মধ্যপ্রাচ্যে উত্তেজনা বেড়ে যাওয়ায় সতর্কতামূলক পদক্ষেপ হিসেবে দেশের আকাশসীমা সাময়িকভাবে বন্ধ ঘোষণা করেছে কুয়েত। দেশটির বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এ তথ্য জানিয়েছে।

বৃহস্পতিবার (১১ জুন) আল জাজিরার প্রতিবেদনে বলা হয়, পরিস্থিতি বিবেচনায় সব ফ্লাইট বিকল্প বিমানবন্দরে সরিয়ে নেওয়ার ব্যবস্থা নেওয়া হচ্ছে। এ বিষয়ে কর্তৃপক্ষ সামাজিক যোগাযোগমাধ্যমে আনুষ্ঠানিক বিজ্ঞপ্তিও প্রকাশ করেছে।

এর আগে যুক্তরাষ্ট্রের হামলার জবাবে কুয়েতে থাকা মার্কিন সামরিক ঘাঁটিসহ মধ্যপ্রাচ্যের বিভিন্ন লক্ষ্যবস্তুতে পাল্টা অভিযান চালানোর দাবি করে ইরানের ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পস (আইআরজিসি)।

আইআরজিসির দাবি অনুযায়ী, কুয়েতে মার্কিন ঘাঁটিতে হামলার পাশাপাশি বাহরাইনের শেখ ইসা বিমানঘাঁটি এবং কুয়েতের আলি আল-সালেম ও আহমাদ আল-জাবের বিমানঘাঁটিতে ড্রোন হামলা চালানো হয়েছে।